



Office of School Health

Department of Health
& Mental Hygiene

Oxiris Barbot, MD
Commissioner

Department of
Education

Richard A. Carranza
Chancellor

2019 অক্টোবর

প্রিয় পরিবারবর্গ,

শীত খুব শীঘ্রই চলে আসছে, এবং এর পাশাপাশি আসবে ফ্লু। ইনফ্লুয়েঞ্জা, অথবা ফ্লু, একটি শ্বাস-প্রশ্বাস জনিত অসুখ যা খুব সহজেই ছড়াতে পারে। যদিও বেশীরভাগ মানুষ অল্প কিছুদিনের জন্য অসুস্থ হয় ও এরপর ভাল হয়ে যায়, তবে কেউ কেউ অনেক বেশী অসুস্থ হয়ে পরে, এমনকি ফ্লু হবার আগে তারা পুরোপুরি সুস্থ থাকা সত্ত্বেও।

আপনার সন্তানকে ফ্লুর হাত থেকে সুরক্ষা করার সবচেয়ে ভাল উপায় হলো টিকা বা ভ্যাকসিনেশন দেয়া। নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন সুপারিশ করে যে 6 মাস বয়সী থেকে শুরু করে এর চেয়ে বেশী বয়স্ক সকলের ফ্লু ভ্যাকসিন নেয়া উচিত। নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন সুপারিশ করে যে প্রত্যেক শিক্ষার্থীর ভ্যাকসিন নেয়া উচিত। আপনার সন্তানকে টিকা বা ভ্যাকসিন দিলে তার অসুস্থ হবার সম্ভাবনা কমে যায়। যদি আপনার সন্তান ফ্লু ভ্যাকসিন গ্রহণের পরও অসুস্থ হয়ে যায়, তবে তাদের অসুস্থতা গুরুতর হবার সম্ভাবনা কমে যায়।

আপনার সন্তানকে ফ্লু ভ্যাকসিন দেয়ার কয়েকটি উপায় রয়েছে। আপনি যা করতে পারেন:

- আপনার সন্তানের স্বাস্থ্য সেবা প্রদানকারীকে ফ্লু ভ্যাকসিনের ব্যাপারে জিজ্ঞাসা করতে পারেন।
- আপনার সন্তানের স্কুল-বেজড হেলথ সেন্টারকে ফ্লু ভ্যাকসিন প্রদান করার অনুমতি দিতে পারেন।
- একটি ফার্মাসি পরিদর্শন করুন। ফার্মাসিস্টরা এখন দুই (2) বছর এবং তার বেশী বয়সীদের টিকা বা ভ্যাকসিন দিতে পারেন। আপনার স্থানীয় ফার্মাসির ফার্মাসিস্টের সাথে আলাপ করে জেনে নিন, তারা শিশুদের টিকা প্রদান করেন কিনা, এবং কত বছর বয়স থেকে। ফার্মাসিগুলো ওয়াক-ইন, বিকেল এবং সপ্তাহান্তের ঘন্টায় পরিষেবা প্রদান করে।

একটি ক্লিনিক অথবা ফার্মাসি খুঁজে বের করতে, nyc.gov/health/map -ভিজিট করুন, 311-এ ফোন করুন অথবা “flu” লিখে টেক্সট করুন 877877 নাম্বারে।

যদি আপনার কোন প্রশ্ন থেকে থাকে অথবা আরো তথ্য প্রয়োজন হয়, তবে আপনার ডাক্তারের সাথে কথা বলুন অথবা 311 নাম্বারে ফোন করুন।

বিশ্বস্ত,

প্রিন্সিপ্যাল